দৈনিক ইনকিলাব

MAR. 05 2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......

104

# দাখিল পরীক্ষার প্রথম দিনে ২৫টি জেলায় ৫ শতাধিক বহিষ্কৃত

**স্টাফ রিপোর্টার ঃ** মাদ্রাসা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার প্রথম দিনে গতকাল (শনিবার) পাঁচ শতাধিক বহিষ্কার করা হয়েছে। সারাদেশের মধ্যে মাত্র ২৫টি জেলা থেকে এ সংবাদ পাওয়া গেছে। পাওয়া তথ্য অনুযায়ী জেলাভিত্তিক কেন্দ্রসমূহ থেকে বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা নিম্নরূপ ঃ পাবনা-২, পটুয়াখালী কুলাপাড়া-৪, সিরাজগঞ্জ কামারখন্দ-৭, শেরপুর কেন্দ্র-৩৯, ময়মনসিংহের ফুলবাড়ীয়া-১২ ও কাতলাসেন-২, ঢাকা আলিয়া-১, রাজবাড়ী-৫৫, লক্ষ্মীপুর-৫০, ফরিদপুর আটরশী-১০, বোয়ালমারী-১৪, নেত্রকোনা-১৪, ভোলা-৪০, রংপুর-৪০, সাতক্ষীরা-৯, ঝিনাইদহ-৯, পটুয়াখালীর পাথরঘাটা-৩, গাজীপুর-১৩, নওগাঁও-২০, নারায়ণগঞ্জ-২ এবং হবিগঞ্জ-৯, নোয়াখালী-২৭। উল্লেখিত কেন্দ্রসমূহে আইন-শৃঙ্খলা পরিস্থিতির কোন অবনতি ঘটার খবর পাওয়া যায়নি।

ফরিদগঞ্জ সংবাদদাতা জানান, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত দাখিল পরীক্ষার প্রথম দিনে ফরিদগঞ্জ মজিদিয়া আলিয়া মাদ্রাসা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ১২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ কেন্দ্রে পরীক্ষার্থীর সংখ্যা ১৪২০ জন।